

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শিক্ষা মন্ত্রণালয়

অধিশাখা-১১

নং-শিম/শাঃ১১/বিবিধ(এনসিটিবি)-৬/৯৯/১০১৪

তারিখঃ ০৭/০৭/২০০৮

পরিপত্র

বিশ্বমানের চাহিদার সাথে সঙ্গতিপূর্ণ অপেক্ষাকৃত গুরুত্বপূর্ণ বিষয়সমূহের প্রতি শিক্ষার্থীদেরকে আগ্রহী করে গড়ে তোলা ও উচ্চ মাধ্যমিক পর্যায়ে বিরাজিত শিক্ষার গুণগত মান উন্নয়নের লক্ষ্যে জাতীয় শিক্ষাক্রম সমন্বয় কমিটির (NCCC) সুপারিশ মোতাবেক সাধারণ শিক্ষা ও মাদ্রাসা শিক্ষার ক্ষেত্রে উচ্চ মাধ্যমিক পর্যায়ে 'সাচিবিক বিদ্যা ও অফিস ব্যবস্থাপনা' বিষয়ে নিম্ন বর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়েছে :

- (১) সাধারণ শিক্ষা ও মাদ্রাসা শিক্ষার ক্ষেত্রে উচ্চ মাধ্যমিক পর্যায়ে ২০০৯-২০১০ শিক্ষা বর্ষ থেকে 'সাচিবিক বিদ্যা ও অফিস ব্যবস্থাপনা' বিষয় অন্তর্ভুক্ত থাকবে না;
- (২) বর্ণিত বিষয়ে রেজিস্ট্রেশনভুক্ত শিক্ষার্থীবৃন্দ তাদের পাঠ সমাপন করতে পারবে। সংশ্লিষ্ট বিষয়ের পাবলিক পরীক্ষায় কোন শিক্ষার্থী অনুত্তীর্ণ হলে শিক্ষা বোর্ডসমূহ প্রচলিত বিধানের আলোকে রেজিস্ট্রেশন বলবৎ থাকা পর্যন্ত সকল শিক্ষার্থীদের পরবর্তী পাবলিক পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দিতে পারবে।
- (৩) উক্ত বিষয়ে এমপিওভুক্ত শিক্ষকবৃন্দের এমপিও বহাল থাকবে এবং তারা অন্য বিষয়ে পাঠদানের সুযোগ পাবেন।

৪। যথাযথ কর্তৃপক্ষের আদেশক্রমে এ পরিপত্রটি জারী করা হলো এবং অবিলম্বে তা কার্যকর হবে।

(বাবলু কুমার সাহা)
উপ-সচিব
ফোন : ৯৫৫০৩৪১

বিতরণঃ

- ১। অতিরিক্ত সচিব(প্রশাসন ও অর্থ/উন্নয়ন), শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। যুগ্ম-সচিব(মাধ্যমিক/কলেজ/বিশ্ববিদ্যালয়/কারিগরি ও মাদ্রাসা), শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা। (উচ্চ মাধ্যমিক পর্যায়ের সকল শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো)।
- ৪। মহা-পরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ৫। মহা-পরিচালক, নায়েম, ঢাকা।
- ৬। চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড (সকল),
- ৭। চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৮। চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৯। উপ-সচিব(মাধ্যমিক/ কলেজ/মাদ্রাসা/বিশ্ববিদ্যালয়/কারিগরি/উন্নয়ন), শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ১০। উপ-সচিব অধিশাখা-৪/৬/৮/১৪/১৬/১৭/১৮/২১/২৩, শিক্ষামন্ত্রণালয়, ঢাকা।
- ১১। জেলা প্রশাসক (সকল),(উপজেলা নির্বাহী অফিসারবৃন্দকে অবহিতকরণের অনুরোধসহ)।
- ১২। উপ-নিয়ন্ত্রক, বিজি প্রেস, তেজগাঁও, ঢাকা (বিষয়টি পরবর্তী গেজেটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
- ১৩। পরিচালক, ব্যানবেইস, ঢাকা।
- ১৪। পরিচালক, পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ১৫। মাননীয় শিক্ষা উপদেষ্টা মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ১৬। সচিব মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ১৭। সিনিয়র সহকারী সচিব, সকল শাখা, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ১৮। সিনিয়র তথ্য কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ১৯। উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল), অঞ্চল।
- ২০। জেলা শিক্ষা অফিসার (সকল), জেলা।
- ২১। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল).....।

(বাবলু কুমার সাহা)
উপ-সচিব